



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং ২৩-২৬, রোড নং-১০,
গুলশান-২, ঢাকা।
DHAKA NORTH CITY CORPORATION, DHAKA.

আপনার শহরকে পরিচ্ছন্ন ও সবুজ রাখুন
আপনার শিশুকে টিকা দিন
প্রিয়জনকে বই উপহার দিন
Web Site : www.dncc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬, ২০৭, ০২৮, ২৮, ০০, ২২৬৭, ২৭ - ৫৩৮

তারিখ : ০৪/০৪/২০১৭ খ্রিঃ

বিষয় : “মেসার্স অংকুর ট্রেডার্স” এর স্বত্বাধিকারী জনাব মোঃ মোশারফ হোসেন আজাদ (জুয়েল) এর নিজ, তার স্ত্রী, সন্তান/পোষ্য কর্তৃক পরিচালিত সকল ঠিকাদারী প্রতিষ্ঠান কে আগামী ০২ (দুই) বছরের জন্য ডিএনসিসিতে অযোগ্য ঘোষণা।

গত ২৩/০৩/২০১৭ খ্রিঃ তারিখ আনুমানিক বিকাল ৩.১৫ ঘটিকায় ডিএনসিসির প্রধান কার্যালয়ের লিফটের সামনে ঠিকাদারী প্রতিষ্ঠান “অংকুর ট্রেডার্স” এর স্বত্বাধিকারী মোঃ মোশারফ হোসেন আজাদ (জুয়েল) অসুস্থ উদ্যত অবস্থায় প্রবেশ করতে থাকেন। তখন প্রধান প্রকৌশলী তার সাথে অস্ত্র আছে কিনা জিজ্ঞাসা করলে, তিনি অস্ত্র থাকার কথা স্বীকার করেন। ডিএনসিসির অত্র কার্যালয়ে অস্ত্র বহন করা নিষেধ থাকা সত্ত্বেও অস্ত্র নিয়ে কেন অফিসে প্রবেশ করলেন, সে বিষয়ে জানতে চাইলে তিনি তাৎক্ষণিকভাবে ডিএনসিসির কার্যালয় থেকে অস্ত্রসহ দৌড়ে পালিয়ে যান। এ থেকে ধারণা করা যায় কোন অসৎ উদ্দেশ্যে অস্ত্রসহ ডিএনসিসির কার্যালয়ে প্রবেশ করেছিলেন। তাছাড়া অস্ত্রসহ প্রবেশকালে সিকিউরিটি চেকিং পয়েন্টে দায়িত্বরত নিরাপত্তা কর্মী অস্ত্রসহ প্রবেশে বাধা দিলেও তা মানেননি বরং ভয়ভীতি দেখিয়ে সিকিউরিটি পয়েন্ট অতিক্রম করেন। নগর ভবনের নিরাপত্তা লংঘনের এই ঘটনাটি গুলশান থানায় গত ২৪/০৩/২০১৭ খ্রিঃ তারিখে একটি সাধারণ ডায়েরী (জিডি) করা হয়। যার নং-১৫৫৯।

২। আরও উল্লেখ্য যে, ৭/৮ মাস পূর্বেও মেয়র মহোদয়ের অফিস কক্ষে (৮১ গুলশান এভিনিউ) অস্ত্রসহ প্রবেশ করেন। পরবর্তীতে মুচলেকা দিয়ে ছাড়া পান এবং ভবিষ্যতে আর কখনও অস্ত্রসহ ডিএনসিসির অফিসে প্রবেশ করবেন না মর্মে অস্বীকারনামা প্রদান করেছিলেন। পুনরায় তার এরূপ কার্যকলাপ ডিএনসিসির মাননীয় মেয়রসহ সকল কর্মকর্তা/কর্মচারীর সামগ্রিক নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ মর্মে প্রতিয়মান হয়।

৩। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে ঠিকাদারী প্রতিষ্ঠান “অংকুর ট্রেডার্স” ঠিকানা- ৪৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ, হাশেম ম্যানসন (বর্তমানে/৫১/এ/১ পশ্চিম রাজাবাজার) ঢাকা এর স্বত্বাধিকারী জনাব মোঃ মোশারফ হোসেন আজাদ (জুয়েল) এর নিজ, তার স্ত্রী, সন্তান/পোষ্য কর্তৃক পরিচালিত সকল ঠিকাদারী প্রতিষ্ঠানকে আগামী ০২ (দুই) বছরের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল প্রকার টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণের বিষয়ে নির্দেশক্রমে অযোগ্য ঘোষণা করা হলো।

অংকুর ট্রেডার্স

মালিক: জনাব মোঃ মোশারফ হোসেন আজাদ (জুয়েল)

পিতা-জনাব মোঃ সোলায়মান

মাতা-ফাতেমা খাতুন

৪৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ, হাশেম ম্যানসন

(বর্তমানে/৫১/এ/১ পশ্চিম রাজাবাজার) ঢাকা।

(দুলাল কৃষ্ণ সাহা)

সচিব (যুগ্ম-সচিব)

ফোন-৮৮৩৪৯৩০

ফ্যাক্স-৮৮৩৪৯৮৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, সিপিটিইউ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।

০৩। বিভাগীয় প্রধান (সকল),----- ডিএনসিসি।

০৪। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) অঞ্চল-----ডিএনসিসি।

০৫। সিস্টেমস এনালিস্ট আইসিটি সেল, ডিএনসিসি (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৬। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ডিএনসিসি (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের স্টাফ অফিসার, ডিএনসিসি (প্রধান নির্বাহী কর্মকর্তার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৮। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ডিএনসিসি।

০৯। সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ডিএনসিসি (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। অফিস কপি।